গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর
সুজানগর, পাবনা।
সেবা প্রদান প্রতিশ্রুতি(Citizen's Charter)

১. ভিশন ও মিশন
ভিশনঃ সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ নিশ্চিতকরণ ও প্রাণিসম্পদের উন্নয়ন।
মিশনঃ প্রাণি স্বাস্থ্য সেবা প্রদান, প্রাণির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপূরণ।

২. প্রতিশ্রুত সেবাসমূহ

২.১ নাগরিক সেবা

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | গবাদিপশুর চিকিৎসা প্রদান | ১। কৃষক/খামারী/গবাদিপশুর মালিকগণ অসুস্থ্য গবাদিপশুকে পশুহাসপাতালে নিয়ে আসেন এবং রেজিস্ট্রেশন করেন ও চিকিৎসার জন্য আবেদন করেন।<br><br>২। অতঃপর পশুহাসপাতালে প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা করে রোগ নির্ণয় করার পর প্রয়োজনীয় ব্যবস্থাপত্রসহ ঔষধ প্রদান করা হয়ে থাকে। | মৌখিক আবেদন, উপজেলা, জেলা এবং কেন্দ্রিয় পশুহাসপাতাল। | ফি/ সরকার নির্ধারিত মূল্যে (অফিস সময়ের পর)। | ১ ঘন্টা ৩৫ মিনিট। | ভেটেরিনারি সার্জন। |
| ২ | গবাদিপশুর কৃত্রিম প্রজনন | ১। গাভীর মালিক গাভী গরম হওয়ার পর গাভীকে কৃত্রিম প্রজনন কেন্দ্রে নিয়ে আসবেন এবং কৃত্রিম প্রজননের জন্য আবেদন জানাবে।<br><br>২। খামারী/পশুর মালিকগণ গাভী গরম হওয়ার ৮-১০ ঘন্টা পর প্রজনন কেন্দ্রে নিয়ে আসবেন।<br><br>৩। কৃত্রিম প্রজনন কেন্দ্রে রেজিস্টারভুক্ত করণের পর উপযুক্ত পরীক্ষা নিরীক্ষা করা হয়। তারপর সরকারী রশিদের মাধ্যমে ফি আদায়ের পর নিয়ম অনুযায়ী কৃত্রিম প্রজনন করানো হয় এবং রশিদ প্রদান করা হয়। | মৌখিক আবেদন, উপজেলা, জেলা এবং ইউনিয়ন কল্যাণ কেন্দ্র। | ১ম প্রজনন-তরল সিমেন-১৫/-, হিমায়িত সিমেন ৩০/-, অধিদপ্তর বহিঃর্ভূত সংস্থা সমূহের জন্য তরল সিমেন ১৫/-, গভীর হিমায়িত সিমেন-৪০/-, আসবাব পত্র মালামাল ক্রয়মূল্যে। | গাভী গরম হওয়ার পর ১০-২০ ঘন্টার মধ্যে। | মাঠ সহকারী (কৃত্রিম প্রজনন)। |
| ৩ | গবাদিপশুর টিকাদান | ১। গবাদিপশুর মালিকগণ তাদের গবাদিপশু সমূহ টিকাদান কেন্দ্রে নিয়ে আসবেন এবং টিকা দেওয়ার জন্য আবেদন জানাবেন। টিকা প্রদানকারী কর্তৃপক্ষ টিকা প্রদানের জন্য টিকা প্রস্তুতত করবেন এবং ফি আদায় করবেন। ফি আদায়ের পর টিকাপ্রদান করবেন এবং পশুর মালিক পশু বাড়িতে নিয়ে যাবেন। নিয়মিত ভাবে এলাকার চাহিদা অনুযায়ী নিবিড় টিকাদান কর্মসূচী পরিচালনা করা হয়ে থাকে।<br><br>২। কমপক্ষে ১৫ দিন অমত্মর এক একটি রোগের টিকা দিতে হয়।<br><br>৩। হঠাৎ কোন রোগের প্রাদুর্ভাব দেখা দিলে জরম্নরী ভিত্তিতে ঐ রোগের টিকা প্রদান করা হয়।<br><br>৪। নির্দিষ্ট পশুকে নির্দিষ্ট রোগের টিকা প্রদান করা হয়। | মৌখিক আবেদন/লিখিত আবেদন,উপজেলা জেলা এবং ইউনিয়ন কল্যাণ কেন্দ্র। | তড়কা-০.৫০ টাকা/ মাত্রা, ÿুরারোগ-১০.০০ টাকা/ মাত্রা, বাদলা-১.৫০ টাকা/ মাত্রা (তালিকা সংযুক্ত করা আছে)। | টিকা প্রাপ্তি সাপেক্ষে ২ দিন হতে ৭ দিন। | ইউএলএ, ভিএফএ। |
| ৪ | হাঁস-মুরগীর টিকাদান | ১। গবাদিপ্রাণির মালিক নির্দিষ্ট স্থানে হাঁস-মুরগী জমা করবে এবং টিকা প্রদানের জন্য আবেদন করবে। টিকা গুলানোর পর এবং মূল্য আদায়ের পর টিকা প্রদান করবে। প্রতি সপ্তাহে এক দিন | মৌখিক আবেদন/লিখিত আবেদন,উপজেলা, | বাচ্চা রাণীক্ষেত-০.১৫ টাকা/ মাত্রা। বড় রাণীক্ষেত -০.১৫ | ১-৭ দিন। | ইউএলএ, ভিএফএ। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | উপজেলা প্রাণি হাসপাতালে হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়।<br><br>২। ইউনিয়ন পশুপাখী কল্যাণ কেন্দ্রে প্রয়োজন অনুযায়ী টিকা প্রদান করা হয়ে থাকে।<br><br>৩। সেবাকর্মীর মাধ্যমে কোন নির্দিষ্ট এলাকায় চাহিদা মোতাবেক টিকা প্রদান করা হয়ে থাকে।<br><br>৪। সরকারী/বে-সরকারী খামার সমূহে রম্নটিন মাফিক টিকা প্রদান করা হয়। | জেলা এবং ইউনিয়ন কল্যাণ কেন্দ্র। | টাকা /মাত্রা। ফাউল কলেরা-০.২০ টাকা/ মাত্রা। ডাক পেস্নগ০.৩০ টাকা/ মাত্রা। ( তালিকা সংযুক্ত) । | | |
| ৫ | কৃষক/খামারী প্রশিক্ষণ | ১। প্রয়োজনীয় বরাদ্দ পাওয়ার পর ইউএলএ,ভিএফএ এবং ইউপি মেম্বার সমন্বয়ে তালিকা প্রণয়ন করার পর ইউপি সভা এবং উপজেলা পরিষদ সভায় তালিকা অনুমোদনের পর প্রশিক্ষণের দিন , তারিখ এবং সময় নির্ধারণ করা হয় এবং সংশিস্নষ্টদের অবহিত করা হয়।<br><br>২। প্রয়োজন অনুযায়ী অতিথি বক্তা নির্বাচন করা হয়।<br>৩। নির্দিষ্ট সময় প্রশিক্ষণ দেওয়ার পর প্রশিক্ষণ সমাপ্ত করা হয়। | লিখিত আবেদন , উপজেলা প্রাণিসম্পদ অফিস। | বিনামূল্যে। | ১-৩ দিন। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৬ | ক্ষতিপুরন প্রদান | ১। এভিয়ান ইনফ্লুয়েঞ্জা দেখা দিলে সরকারী প্রজ্ঞাপনের মাধ্যমে হাঁস-মুরগী ধ্বংষ করার পর ধ্বংষকৃত মুরগীর তালিকা অনুযায়ী সরকারি ক্ষতিপুরণ দেওয়া হয়।<br><br>২। ধ্বংষকৃত মোরগ মুরগীর তালিকা ইউএলও এবং ডিএলও সাহেবের মাধ্যমে মহাপরিচালক বরাবরে প্রেরণ করা হয়।<br><br>৩। মহাপরিচালক কর্তৃক অনুমোদনের পর প্রকল্প পরিচালকের মাধ্যমে জেলা প্রশাসক বরাবরে বরাদ্দ প্রদান করা হয়।<br><br>৪। জেলা প্রশাসক টাকা উত্তোলনের পর ইউএনও এবং ইউএলও সাহেবের মাধ্যমে ক্ষতিগ্রসত্মদের মাঝে বিতরণ করেন। | লিখিত আবেদন , উপজেলা প্রাণিসম্পদ অফিস। | বিনামূল্যে। | ৩০ দিন। | উপজেলা নির্বহহী কর্মকর্তা ,উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৭ | ক্ষুদ্র ঋণ বিতরণ | ১। প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের পর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারি নিয়ম মোতাবেক জন প্রতি হারে ঋণ প্রদান করা হয়।<br><br>২। ক্ষুদ্র ঋণ উপজেলা অফিস থেকে এবং বৃহদাকার ঋণ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়।<br><br>৩। খামারীগণ ঋণ পাওয়ার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবর আবেদন করবে। উপজেলা ঋণদান কমিটি কর্তৃক বাছাই করার পর ক্ষুদ্রঋণ প্রদান করা হয়। | লিখিত আবেদন , উপজেলা প্রাণিসম্পদ অফিস। | ৪%সুদ, ৩% সার্ভিস চাজ,র্ মোট ৭%। | ১৫ দিন। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮। | পুনর্বাসন ও উপকরণ সহায়তা প্রদান | ১। দুর্যোগময় পরিস্থিতিতে / বিশেষ পরিস্থিতিতে পুনর্বাসন ও ক্ষতিপুরণ প্রদান করা হয়।<br>২। সরকার কর্তৃক প্রদানকৃত / বরাদ্দকৃত অর্থ / উপকরণ অগ্রাধিকার তালিকা প্রনয়নের মাধ্যমে সংশিস্নষ্ট ক্ষতিগ্রসত্ম খামারী/পালনকারীদের মাঝে পুনর্বাসন ও উপকরন সহায়তা প্রদান করা হয়। | অগ্রাধিকার তালিকা,উপজেলা প্রাণিসম্পদ অফিস। | বিনামূল্যে। | বৎসরের সকল দুর্যোগকালীন সময়।<br><br>১-৩ দিন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৯ | দুর্যোগকালীন সময়ে জরম্নরী সেবা প্রদান | দুর্যোগকালীন সময়ে জরম্নরী সেবা প্রদানের জন্য অগ্রাধিকার তালিকা তৈরী করা হয়। আক্রামত্ম এলাকার চাহিদা মোতাবেক এবং সেবা পণ্য প্রাপ্তি সাপেক্ষে নির্দিষ্ট এলাকায় সেবা প্রদান করা হয়। প্রকৃতিক দুর্যোগকালীন সময়ে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও বে-সরকারী সেবা মূলক প্রতিষ্ঠানের সহযোগিতায় অধিদপ্তরের | অগ্রাধিকার তালিকা,উপজেলা প্রাণিসম্পদ অফিস। | বিনামূল্যে। | প্রাপ্তি সাপেক্ষে ১-৭ দিন। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | জরুরী সেবা প্রদান করা হয়। | | | | |
| ১০ | জনসাধারণের অভিযোগ গ্রহণ এবং নিস্পত্তিকরণ | যে সমসত্ম সেবা জনগণকে সরাররি দেওয়া যায় না / জনগণ পায় না,সে বিষয়ে জনগণের নিকট থেকে শোনার পর ব্যবস্থা গ্রহণ করা হয়। | লিখিত/মৌখিক আবেদন,উপজেলা, জেলা প্রাণিসম্পদ দপ্তর। | বিনামূল্যে। | ০৩ দিনের মধ্যে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ১১ | উন্নত জাতের ঘাসের চারা /বীজ বিতরণ | নির্দিষ্ট এলাকায় ঘাস চাষের জন্য নির্দিষ্ট এলাকার কৃষক নির্বাচন করা হয়। কৃষকদেরকে যথানিয়মে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষনের পর বীজ/চারা বিতরণ করা হয়। বীজ / চারা বিতরণের পর ঘাসের পস্নট পরিদর্শন করা হয়। | লিখিত/মৌখিক আবেদন, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র। | বিনামূল্যে। | ০১ দিন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/খামার ব্যবস্থাপক। |

সেবা প্রদানকারীঃ-

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

সুজানগর,পাবনা।

ফোনঃ ০৭৩২৯-৫৬১২৬

***Email:// ulo_sujanagar@yahoo.com***

যথা সময়ে সেবা না পাওয়া গেলে সহায়তা চাইবেনঃ-

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

পাবনা।

ফোনঃ-০৭৩১-৬৬৩৪৩